

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
(সচিবের দপ্তর)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৬
০৩ অক্টোবর ২০১৯

বিষয়ঃ শিল্প সচিব মহোদয়ের নির্দেশনা।

সূত্র: ১) ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-১৮২, তারিখ: ১২-১১-১৮

২) ৩৬.০০.০০০০.০২১.২৫.০০৮.১৭-৩০৩/২২, তারিখ: ২৩/০৯/২০১৯

গত ২৮-০৯-২০১৯ তারিখ শনিবার বিকাল ০৪:৩০টায় চট্টগ্রামস্থ জেনারেল ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিমিটেড (জিইএমকো)'র সম্মেলন কক্ষে শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল হালিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত ১নং সূত্রের ফলোআপ মতবিনিময় সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব মিজানুর রহমান-সহ গাজী ওয়্যারস লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্য প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। গাজী ওয়্যারস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের কার্যক্রম তুলে ধরেন। তিনি ফ্যান ও মটর মেরামত এবং ফ্যান তৈরির দুটি প্রস্তাব উপস্থাপন করেন।

২.০। সচিব মহোদয়ের নির্দেশনা-

২.১। গাজী ওয়্যারস লিঃ এর উন্নত মানের সুপার এনামেল তামার তার দ্বারা বিভিন্ন ধরনের ফ্যান ও বৈদ্যুতিক মটর মেরামত করা হলে যেহেতু দীর্ঘস্থায়ী হয়, সেহেতু প্রতিটি বিক্রয় কেন্দ্রে গাজী ওয়্যারস লিঃ এর উৎপাদিত সুপার এনামেল তামার তার দ্বারা ফ্যান ও বৈদ্যুতিক মটর মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২.২। বৈদ্যুতিক ফ্যানের কয়েলের মূল উপাদান হলো সুপার এনামেল তামার তার। গাজী ওয়্যারস লিঃ এর উৎপাদিত সুপার এনামেল তামার তার দ্বারা ফ্যানের কয়েল তৈরি করে অন্যান্য যন্ত্রপাতি আউটসোর্সিং এর মাধ্যমে সংগ্রহ করে পূর্ণাঙ্গ ফ্যান তৈরি করা যেতে পারে। পর্যায়ক্রমে পূর্ণাঙ্গ ফ্যানের অন্যান্য যন্ত্রপাতি নিজস্ব কারখানায় তৈরি করতে হবে;


২.৪। ফ্যান ও মটর মেরামত এবং ফ্যান তৈরির প্রস্তাব বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে;

২.৫। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং জাতীয় শুদ্ধাচার পরিকল্পনায় (NIS) প্রদত্ত লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ে অর্জন করতে হবে;

২.৬। নিট লাভ হতে 'কোম্পানি আইন' অনুযায়ী রিজার্ভ তহবিলসহ আবশ্যিক অন্যান্য তহবিল সৃষ্টির পর লভ্যাংশের হিসাব করতে হবে।

৩.০। বাস্তবায়নে-

- অতিরিক্ত সচিব (অধি ও আইন, বিএসইসি, বিএসটিআই), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- চেয়ারম্যান, বিএসইসি, বিএসইসি ভবন, কাওরানবাজার, ঢাকা
- পরিচালক, বাণিজ্যিক, বিএসইসি, বিএসইসি ভবন, কাওরানবাজার, ঢাকা
- পরিচালক, উৎপাদন ও পরিকল্পনা, বিএসইসি, বিএসইসি ভবন, কাওরানবাজার, ঢাকা
- ব্যবস্থাপনা পরিচালক, গাজী ওয়্যারস লিমিটেড, চট্টগ্রাম



চলমান পাতা

=০২=

৪.০। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছাপ্রসিক্ত
০৩-১০-২০১৯
(প্রতুল কুমার সাহা)
উপসচিব
শিল্প মন্ত্রণালয়

ফোন: +৮৮ ০২ ৯৫৫৮৪১৩

ই-মেইল: pratul.saha1@gmail.com

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৩০২/৬

১৮ আশ্বিন ১৪২৬
তারিখ : -----
০৩ অক্টোবর ২০১৯

বিতরণ- সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ২। অতিরিক্ত সচিব (অধি ও আইন, বিএসইসি, বিএসটিআই), শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়নে চেয়ারম্যান, বিএসইসি-কে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৪। চেয়ারম্যান, বিএসইসি, বিএসইসি ভবন, কাওরানবাজার, ঢাকা
- ৫। পরিচালক, বাণিজ্যিক, বিএসইসি, বিএসইসি ভবন, কাওরানবাজার, ঢাকা
- ৬। পরিচালক, উৎপাদন ও পরিকল্পনা, বিএসইসি, বিএসইসি ভবন, কাওরানবাজার, ঢাকা
- ৭। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৮। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, গাজী ওয়ারস লিমিটেড, চট্টগ্রাম

উপসচিব
শিল্প মন্ত্রণালয়
০৩/১০/২০১৯